

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৭৪.০০২.০০.০০১.০২৫.২০১৫-৩৫

তারিখ : ২৫.০১.২০১৬ খ্রি.

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরে স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ১২৫.০০ লক্ষ (এক কোটি পঁচিশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।

মহোদয়,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি’র আওতায় “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” (কোড ৫-২৭১১-৫০৭০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরে আরপিএ (জিওবি) ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত ১০৫০০.০০ লক্ষ (একশত পাঁচ কোটি) টাকা হতে (কোড ৫-২৭১১-৫০৭০-৪৮৪০) নব নিয়োগপ্রাপ্ত সিএইচসিপিদের স্থানীয় প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় বাবদ ১২৫.০০ লক্ষ (এক কোটি পঁচিশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

শর্তাবলী :

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
 - (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
 - (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে;
 - (ঘ) অগ্রিম বাবদ গৃহীত অর্থ অপারেশনাল প্ল্যান (ওপি) অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কার্যক্রম সম্পাদনের জন্য ব্যয় করতে হবে; এবং
 - (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ২। এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি’র “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” (কোড ৫-২৭১১-৫০৭০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৫-১৬ অর্থবছরের আরপিএ (জিওবি) খাতে প্রদত্ত অর্থ (কোড ৫-২৭১১-৫০৭০-৪৮৪০) হতে বহন করা হবে।
- ৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারি করা হলো (কপি সংযুক্ত)।


১ষ্ঠ) :
(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোন : ৯৫৪৯৫৪০

নং-৪৫.১৭৪.০০২.০০.০০১.০২৫.২০১৫-৩৫/১(৮)

তারিখ : ২৫.০১.২০১৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. যুগ্ম সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, মহাখালী, ঢাকা।
৫. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(ড. মো: এনামুল হক)
উপ সচিব